গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বরগুনা সদর,বরগুনা।
www.cooparative.sadar.barguna.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নং-৪৭.৬১.০৪২৮.০০০.১৬.২৫৫.১০.৪৩ তারিখ- ০১.০৪.২০২৪ খ্রিঃ

বিষয়ঃ– বরগুনা শহর কাঁচা বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর ৪৮(২) ধারায় পরিদর্শন প্রতিবেদন ও ব্যাখ্যা তলবের জবাব প্রেরন প্রসংগে।

সূত্রঃ ১। মহোদয়ের কার্যালয়ের ২৯.০২.২০২৪ খ্রিঃ তারিখের ৪৮ নং স্মারক।
০২। মহোদয়ের কার্যালয়ের ২০/০৩/২০২৪ খ্রি. তারিখের ৬৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের স্মারক নং ২৭ তারিখ.০৭-০৩-২০২৪ খ্রি. মূলে সমিতি কর্তৃপক্ষকে নোটিশ প্রদান করা হয় নোটিশে উল্লেখিত তারিখ ও সময়ে সমিতির নিবন্ধিত ঠিকানায় উপস্থিত হয়ে সমিতির অফিস গৃহ তালাবদ্ধ থাকায় সমিতির সভাপতি জনাব মোঃ আল আমিন এর মোবাঃ নং ০১৭১০৫২৪৮১৩ এ যোগাযোগ করা হইলে তিনি অসুস্থমর্মে জানান, ফলে পরিদর্শন করা সম্ভব হয়নি। পরবর্তীতে অত্র দপ্তরের স্মারক নং ৩০,তারিখ.১৩-০৩-২০২৪ খ্রি. মূলে সমিতি কর্তৃপক্ষকে পুনরায় নোটিশ প্রদান করা হয় নোটিশে উল্লেখিত তারিখ ও সময়ে সমিতির নিবন্ধিত ঠিকানায় উপস্থিত হয়ে সমিতির অফিস গৃহ তালাবদ্ধ থাকায় সমিতির সভাপতি জনাব মোঃ আল আমিন এর মোবাঃ নং-০১৭১০৫২৪৮১৩ এ যোগাযোগ করা হইলে তিনি অসুস্থ মর্মে জানান একই সময়ে সমিতির কোষাধ্যক্ষ জনাব বাবু সুভংকর সরকার এর মোবাঃ নম্বর.০১৭২৬১২৩১৫১ এ যোগাযোগ করা হইলে তিনি ব্যবসায়িক কাজে পিরোজপুর আছেন মর্মে জানান এবং ২৮/০৩/২০২৪ খ্রি. তারিখে সমিতির সকল খাতাপত্র উপস্থাপন করবেন মর্মে নিম্ন স্বাক্ষরকারীকে জানান। সে অনুযায়ী জনাব বাবু সুভংকর সরকার ২৮.০৩.২০২৪ খ্রি. তারিখে সমিতির রেকর্ডপত্র উপস্থাপন করায় সমিতির পরিদর্শন কার্যক্রম শুরু করা হয়। পরিদর্শনকালে উপস্থাপিত তথ্য উপাত্তের ভিত্তিতে পরিদর্শন ছক মোতাবেক দফাওয়ারী প্রতিবেদন অত্রসাথ প্রেরন করা হইল।

(এফ,এম, জাফর সাদিক)
উপজেলা সমবায় অফিসার (অঃ দাঃ)
বরগুনা সদর, বরগুনা।
০১৭২০-৩২৯৯৫৭

প্রতি,
যুগ্ম নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বরগুনা।

# সমবায় সমিতি পরিদর্শন প্রতিবেদন (ধারা ৪৮)

## অংশ-০১

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী ঃ এফ.এম. জাফর সাদিক, উপজেলা সমবায় অফিসার (অঃ দাঃ),বরগুনা সদর,বরগুনা।

পরিদর্শনের তারিখ ঃ ২৮/০৩/২০২৪ খ্রিঃ

পূর্ববর্তী পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী ঃ কোন তথ্য পাওয়া যায় নাই।

পূর্ববর্তী পরিদর্শনের তারিখ ঃ কোন তথ্য পাওয়া যায় নাই।

পূর্ববর্তী পরিদর্শন প্রতিবেদনের আলোকে সমিতি কর্তৃক গৃহীত পদক্ষেপ ঃ সন্তোষজনক ।

## অংশ-০২

১। **সমিতির নাম ঃ** বরগুনা শহর কাঁচা বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ।

২। **সমিতির নিবন্ধন নম্বর ও তারিখ ঃ**

ক) রেজিঃ নং ৭১ বিডি, **তারিখ ঃ** ০৮/১২/২০১০ খ্রিঃ **(মূল)**।

৩। **সমিতির ঠিকানা ঃ** গ্রামঃ সদর রোড,বরগুনা, ডাকঘরঃ বরগুনা, উপজেলাঃ বরগুনা সদর, জেলাঃ বরগুনা।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির নিবন্ধিত উপ-আইনে বর্ণিত ঠিকানা পরিবর্তন করা হয়নি ।

৪। **ব্যবস্থাপনা কমিটির তথ্য ঃ**

| ক্রমিক নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১) | জনাব মোঃ আল আমিন খন্দকার | সভাপতি | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |
| ২) | জনাব মোঃ রাজু মল্লিক | সহ-সভাপতি | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |
| ৩) | জনাব মোঃ আবুল খান | সম্পাদক | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |
| ৪) | জনাব মোঃ রফিকুল মৃধা | যুগ্ম সম্পাদক | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |
| ৫) | জনাব বাবু সুভংকর সরকার | কোষাধ্যক্ষ | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |
| ৬) | জনাব মোঃ আবু কালাম | সদস্য | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |
| ৭) | জনাব মোঃ খোকন | সদস্য | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |
| ৮) | জনাব হুমায়ুন কবির হিরু | সদস্য | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |
| ৯) | জনাব মোঃ সোহেল রানা | সদস্য | ২৯/১২/২০২২ খ্রিঃ | নির্বাচিত |

৫। **সমিতির সভ্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকা ঃ** সমগ্র বরগুনা পৌরসভা ব্যাপী।

৬। **সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য ঃ** সমিতির সদস্যগণের নিকট শেয়ার বিক্রয় করে এবং সদস্যগণের নিকট থেকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও আমানত গ্রহণের মাধ্যমে পুঁজি সৃষ্টি করা। বৈধ ব্যবসায় ও সদস্যগণের নিকট ক্ষুদ্র ঋণে পুঁজি বিনিয়োগ করে মুনাফা অর্জন করা এবং উক্ত মুনাফা শেয়ারের ভিত্তিতে সদস্যগণের নিকট বন্টন করে সমিতির সদস্যগণের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির নিবন্ধিত উপ-আইনে বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত পদক্ষেপ ঃ সন্তোষজনক ।

৭। **(ক) সমিতির সদস্য সংখ্যা ঃ** সমিতির বিগত অডিট দৃষ্টে সদস্য সংখ্যা ২৪০ জন এবং বর্তমান সদস্য তালিকা বহি দৃষ্টে অদ্য পর্যন্ত সমিতির মোট সদস্য সংখ্যা ১৬০ জন। গত ৩০ জুন পর্যন্ত সদস্য সংখ্যা ছিল ১৬০ জন। গত ১ জুলাই থেকে অদ্য পর্যন্ত সদস্য ভর্তি হয়নি এবং সদস্য বাতিল করা হয়নি।

৭। **(ক) সমিতিতে আমানতকারীর (সদস্য ব্যতীত) সংখ্যা ও গৃহীত আমানতের মোট পরিমাণ ঃ**

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির সদস্য তালিকা বহি বিধি ৬২(খ) মোতাবেক ফরম নং-১৪(ক) অনুযায়ী প্রণয়ন করা হয়েছে । সমিতি কর্তৃক সদস্য ব্যতীত অন্য ব্যক্তির নিকট থেকে আমানত গ্রহণ করা হয়নি।

৮। **(ক) শেয়ার মূলধন ঃ** সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমাণ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা। প্রতিটি শেয়ারের মূল্য ৫০/- (পঞ্চাশ) টাকা হিসাবে উহা ১০,০০০ (দশ হাজার) অংশে বিভক্ত । পরিদর্শনকালে জানা যায়, সমিতির বর্তমান পরিশোধিত শেয়ার মূলধনের পরিমাণ ৩৫৩০০/- টাকা। গত

৩০ জুন পর্যন্ত পরিশোধিত শেয়ার মূলধন ৩৫৩০০/- টাকা। গত ১ জুলাই থেকে অদ্য পর্যন্ত কোন শেয়ার বিক্রি করা হয়নি। আইনের ধারা ১৫(২) মোতাবেক প্রতিটি শেয়ারের পুনঃ নির্ধারিত/বর্তমান বাজার মূল্য ঃ ১০০/- (একশত) টাকা।

৮। **(খ) শেয়ার সার্টিফিকেট বিতরণ ঃ** বিক্রয়কৃত শেয়ারের সার্টিফিকেট বিতরণ করা হয়নি।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতিতে বিধি ৫৬(খ) অনুযায়ী শেয়ার রেজিষ্টার সংরক্ষিত নাই। বিক্রয়কৃত শেয়ারের সার্টিফিকেট বিতরণ করা প্রয়োজন।

৯। **সঞ্চয় আমানত ঃ** পরিদর্শনকালে সমিতি কর্তৃক গৃহীত মোট সঞ্চয় আমানতের পরিমাণ ১৫,৩৬,৪১৮/- টাকা।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতিতে বিধি ৫৬(গ) অনুযায়ী সঞ্চয় রেজিস্টার সংরক্ষিত নাই। সমিতি কর্তৃক সঞ্চয় আমানত গ্রহণের ক্ষেত্রে বিধি ৬৬(১) এবং আইনের ধারা ২৬(১) এর বিধান লঙ্ঘন করা হয়েছে।

১০। **সমিতির কার্যকরী মূলধন ঃ ১৬,০৬,৫২৯/-** টাকা। উক্ত টাকার বিবরণ নিম্নরুপঃ

ক) পরিশোধিত শেয়ার মূলধন ঃ ৩৫৩০০/- টাকা।
খ) সংরক্ষিত তহবিল ঃ ১৪৯১৯/- টাকা।
গ) সঞ্চয় আমানত ঃ ১৫,৩৬,৪১৮/- টাকা।
ঘ) গৃহীত অন্যান্য আমানত ঃ ৯৯৪৬/-টাকা।
ঙ) কু-ঋণ তহবিল ঃ ৯৯৪৬/- টাকা।
**সর্বমোট ঃ ১৬,০৬,৫২৯/- টাকা।**

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির নিবন্ধিত উপ-আইনে বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের স্বার্থে সমিতির কার্যকরী মূলধন গঠনে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত পদক্ষেপ ঃ সন্তোষজনক নয় । সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ঋণ ও আমানত গ্রহণের ক্ষেত্রে সমিতির আইনের ধারা ২৬(১) ও (২) এবং বিধি ৬৪, ৬৫ ও ৬৬ এর বিধান অনুসরণ করা হয়নি।

১১। **সমিতি কর্তৃক তারল্য সংরক্ষণ ঃ** পরিদর্শনকালে সমিতি কর্তৃক গৃহীত মোট আমানতের বিপরীতে সংরক্ষিত তারল্যের পরিমাণ ঃ ০০ টাকা।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত মোট আমানতের বিপরীতে তারল্য সংরক্ষণের ক্ষেত্রে বিধি ৬৭(১) এর বিধান অনুসরণ করার জন্য বলা হলো।

১২। **সমিতির বিনিয়োগ কার্যক্রম ঃ** সমিতির বিনিয়োগ কার্যক্রমের বিবরণ নিম্নরুপঃ

ক) আসবাবপত্র ও অফিস স্থাপনঃ ৪৬৫৭০/- টাকা।
খ) ঋণ প্রদানঃ ১১,৬৩,৯৩৯/- টাকা।
**সর্বমোট ঃ ১২,১০,৫০৯/- টাকা।**

**মন্তব্য/পরামর্শ ঃ** বিনিয়োগ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আইনের ধারা ২৬(১) ও (২) এবং বিধি ৪৬(২) অনুযায়ী সাধারণ সভা ও নিবন্ধকের অনুমোদন গ্রহণ করা হয়নি। এ ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আইনের ধারা ২৬(১) ও (২) এবং বিধি ৪৬(২) এর বিধান লঙ্ঘন করা হয়েছে।

১২। **সমিতির ঋণ কার্যক্রম ঃ** সমিতির ঋণ কার্যক্রমের বিবরণ নিম্নরুপঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | সদস্যদেরকে ঋণ প্রদান ঃ ২০২২-২০২৩ | ৯১২০২৯.০০ | ১. | আদায়কৃত ঋণের পরিমাণ ঃ ২০২২-২০২৩ | ৩৭,৯৮৪.০০ |
| ২. | অসদস্যদেরকে ঋণ প্রদান ঃ ২০১৩-২০১৪ | ২৫১৯১০.০০ | ২ | খেলাপী ঋণের পরিমাণ ঃ | ৮,৪৩,০৫৬.০০ |
| ৩. | গৃহীত ঋণ/আমানতের বিপরীতে পরিশোধকৃত সুদ/সার্ভিস চার্জের পরিমাণ ঃ | ০০ | ৩. | এখন আদায়যোগ্য ঋণের পরিমাণ ঃ | ৩,২০,৮৮৩.০০ |
| ৪. | | | ৪. | আদায়কৃত সুদ/সার্ভিস চার্জের পরিমাণ ঃ | ৭৫৯৬.০০ |
| ৫. | **সর্বমোট ঃ** | ১১,৬৩,৯৩৯.০০ | ৫. | **সর্বমোট ঃ** | ১২,০৯,৫১৯.০০ |

**মন্তব্য/পরামর্শ ঃ** ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সাধারণ সভায় অনুমোদন করা হয়েছে কিনা এ বিষয়ে পরিদর্শনকালে কোন তথ্য পাওয়া যায় নাই। এমনকি বিধি ৪৬(২) অনুযায়ী নিবন্ধকের অনুমোদন গ্রহণ করা হয়নি। ঋণ প্রদানের ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আইনের ধারা ২৬(১) ও (২) এবং বিধি ৪৬(২), ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪ ও ৭৫ এর বিধান অনুসরণ করা হয়নি। প্রাক্তন সভাপতি জনাব মোঃ আলমগীর মোল্লা কর্তৃক অসদস্যদের মাঝে ঋণ বিতরণ করা হয়েছো যাহা আদায়ের ব্যাপারে পরবর্তী কোন ব্যবস্থাপনা কমিটি কোন কার্যকর পদক্ষেপ গ্রহন করেননি। সমিতির ২০১৩-২০১৪ অর্থ বছরে অসদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ২৫১৯১০.০০ টাকা তৎকালীন ব্যবস্থাপনা কমিটির নিকট হতে আদায় পূর্বক সমিতির ব্যাংক হিসাবে জমা প্রদানের জন্য ব্যবস্থাপনা পরিষদকে পরামর্শ প্রদান করা হলো।

১৩। **বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ঃ** পরিদর্শনকালে দেখা যায় সমিতিতে বিগত ০৭/০৩/২২ খ্রিঃ তারিখে বার্ষিক সাধারণ সভা ও ২৯/১২/২০২২ খ্রি. তারিখে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। উক্ত বার্ষিক সাধারণ সভায় সমিতির ২০২১-২০২২ খ্রিঃ সমবায় বর্ষের বাজেট অনুমোদন করা হয়। বার্ষিক সাধারণ সভায় সমিতির কোরাম সংখ্যক সদস্য উপস্থিত ছিলেন। বার্ষিক সাধারণ সভার কার্য বিবরণী যথাযথ লিপিবদ্ধ আছে।

**মন্তব্য/পরামর্শ ঃ** বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের ক্ষেত্রে আইনের ধারা ১৭(৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১৯(১) ও (২) এর বিধান আংশিক অনুসরণ করা হয়েছে।

**১৪। বার্ষিক বাজেট ঃ** সমিতির ২০২২-২০২৩ খ্রিঃ সমবায় বর্ষের বাজেট অনুমোদন করা হয়নি।

**মন্তব্য/পরামর্শ ঃ** বর্ণিত বার্ষিক/বিশেষ সাধারণ সভা অনুষ্ঠানের ক্ষেত্রে আইনের ধারা ১৭(৩) এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ১৯(১) ও (২) এর বিধান অনুসরণ করে বাজেট অনুমোদন করার জন্য বলা হলো।

**১৫। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান ঃ** পরিদর্শনকালীন নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত রেকর্ড পর্যালোচনান্তে দেখা যায়, বিগত ২৯/১২/২০২২ খ্রিঃ তারিখে সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির উপরে উল্লিখিত ০৯(নয়) জন সদস্য নির্বাচিত হয়ে সমিতির ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত আছেন। বর্ণিত ব্যবস্থাপনা কমিটির প্রথম সভা বিগত ০৯/০১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হওয়ায় বর্তমান কমিটির মেয়াদ আগামী ০৮/০১/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত বহাল থাকবে।

**মন্তব্য/পরামর্শ ঃ** নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত সমিতির রেকর্ড পর্যালোচনান্তে দেখা যায়, নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে আইনের সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ করা হয়েছে।

**১৬। ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত ঃ** সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত রেকর্ড পর্যালোচনান্তে দেখা যায়, বিগত ২৯/১২/২০১৯ খ্রিঃ তারিখ থেকে পরিদর্শনের তারিখ পর্যন্ত মোট ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী যথাযথ লিপিবদ্ধ আছে।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতিতে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ৪২(২) এর বিধান অনুসরণ করা হয়েছে।

**১৮। নিরীক্ষা কার্যক্রম ঃ** সমিতির ২০২১-২০২২ সমবায় বর্ষের নিরীক্ষা কার্যক্রম ৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখে সম্পাদন করা হয়েছে। নিরীক্ষা কর্মকর্তার বিবরণ নিম্নরুপ ঃ

১) মোহাম্মদ নাজমুল হাসান, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়,বরগুনা।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির ২০২১-২০২২ সমবায় বর্ষের নিরীক্ষা প্রতিবেদনের আলোকে আইনের ধারা ৪৭ মোতাবেক সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংশোধনী প্রতিবেদন দাখিল করা হয়নি। এ ক্ষেত্রে আইনের ধারা ৪৭ এর বিধান /লঙ্ঘন করা হয়েছে।

**১৯। সমিতির লাভ-ক্ষতি ঃ** ২০২১-২০২২ সমবায় বর্ষে সমিতিতে ২৮২.৮৪ টাকা নীট ক্ষতি হয়েছে।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির লাভের ক্ষেত্রে লাভ বন্টন/সমন্বয় সমবায় আইন ও বিধিমালা অনুসরণ করার জন্য পরামর্শ দেওয়া হলো।

**২০। নিরীক্ষা ফি ধার্য ও পরিশোধ ঃ** বিগত ২০২১-২০২২ খ্রিঃ সমবায় বর্ষে সমিতিতে ধার্যকৃত নিরীক্ষা ফি এর পরিমাণ ০০টাকা। সমিতি কর্তৃক পরিশোধকৃত নিরীক্ষা ফি এর পরিমাণঃ ০০ টাকা।

**মন্তব্য/পরামর্শ ঃ** নিরীক্ষা ফি ধার্য করার ক্ষেত্রে বিধি ১০৭ অনুসরণ করা হয়েছে/হয়নি। সমিতি কর্তৃক ধার্যকৃত নিরীক্ষা ফি পরিশোধ করা প্রশংসনীয়।

**২১। সমবায় উন্নয়ন তহবিল ধার্য ও পরিশোধ ঃ** বিগত ২০২১..-২০২২ খ্রিঃ সমবায় বর্ষে সমিতিতে ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল এর পরিমাণ ০০. টাকা। সমিতি কর্তৃক পরিশোধকৃত সমবায় উন্নয়ন তহবিল এর পরিমাণঃ ০০ টাকা।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমবায় উন্নয়ন তহবিল ধার্য করার ক্ষেত্রে বিধি ৮৪ অনুসরণ করা হয়েছে।

**২২। সমিতিতে কর্মসংস্থান ঃ** সমিতিতে কোন কর্মকর্তা/কর্মচারী নিয়োগ দেয়া হয়নি।

**মন্তব্য/পরামর্শ ঃ** চাকুরী বিধি প্রণয়ন করে সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ৪৬(৩) মোতাবেক নিয়োগ কমিটি গঠনপূর্বক উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে ভবিষ্যতে সমিতিতে কর্মকর্তা/কর্মচারী নিয়োগের পরামর্শ প্রদান করা হল।

**২৩। ব্যাংক হিসাব সংক্রান্ত ঃ** সমিতির যাবতীয় কার্যক্রম ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করা হয় না। সমিতির নামীয় ব্যাংক হিসাবটি সমিতির সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ এর যৌথ স্বাক্ষরের পরিচালিত হয়। পরিদর্শনের তারিখে সমিতির সর্বমোট ব্যাংক স্থিতির পরিমাণ ২৪,৮৯০/- টাকা। নিম্নে ব্যাংকের নাম ও শাখা উল্লেখ করা হলো ঃ

| ক্রমিক নং | ব্যাংকের নাম | শাখা | সঞ্চয়ী/চলতি হিসাব নং | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১) ১ | উত্তরা ব্যাংক | বরগুনা শাখা | সঞ্চয়ী হিসাব নং ২৫৫০১১১০০১১৪০৩৮ | ২৪৮৯০/- |
| | | | মোট ঃ | ২৪৮৯০/- |

**মন্তব্য/পরামর্শ ঃ** প্রাক্তন সভাপতি জনাব মোঃ আলমগীর মল্লিক এর নিকট ১,৭৭,১৭৪/- টাকা মাত্র আদায় পূর্বক সমিতির ব্যাংক হিসাবে জমা করার জন্য পরামর্শ প্রদান করা হলো এবং সাধারণ সভায় অনুমোদিত পরিমানের অতিরিক্ত মজুদ তহবিলের সমুদয় টাকা অবিলম্বে সমিতির ব্যাংক হিসাবে জমা করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**২৪। হস্ত মজুদ তহবিল ঃ** পরিদর্শনের তারিখে সমিতির ক্যাশ বহি অনুসারে হস্ত মজুদ তহবিলের পরিমাণ ২,২০,১২২/- টাকা যার মধ্যে প্রাক্তন সভাপতি জনাব মোঃ আলমগীর মল্লিক এর নিকট ১৭৭১৭৪/- টাকা এবং বর্তমান কোষাধ্যক্ষ জনাব বাবু সুভংকর সরকার এর নিকট ৪২,৯৪৮/- টাকা।

**মন্তব্য/পরামর্শ ঃ** প্রাক্তন সভাপতি জনাব মোঃ আলমগীর মল্লিক এর নিকট ১,৭৭,১৭৪/- টাকা মাত্র আদায় পূর্বক সমিতির ব্যাংক হিসাবে জমা করার জন্য পরামর্শ প্রদান করা হলো এবং সাধারণ সভায় অনুমোদিত পরিমানের অতিরিক্ত মজুদ তহবিলের সমুদয় টাকা অবিলম্বে সমিতির ব্যাংক হিসাবে জমা করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

**২৫। দেনা-পাওনার বিস্তারিত তালিকা ঃ** সমিতি কর্তৃপক্ষ সমিতির বিদ্যমান সদস্যের দেনা-পাওনার বিস্তারিত তালিকা হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধ করা হয়নি।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির বিদ্যমান সদস্যের দেনা-পাওনার বিস্তারিত তালিকা হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধ করে সংরক্ষণ করার জন্য সমিতির ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হল।

**২৬। সমিতির রেজিস্টার ও বহিসমূহ সংক্রান্ত ঃ** সমিতিতে জমা খরচ রেজিষ্টারে হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধ অবস্থায় পাওয়া গেলনা এবং সমিতিতে শেয়ার, সঞ্চয় ও ঋণ বিতরণ রেজিষ্টার পাওয়া যায় নাই। ব্যবস্থাপনা কমিটি দৈনিক আদায় সিট ও সদস্যদের পাশ বহিতে সকল তথ্য লিপিবদ্ধ করে থাকেন মর্মে সমিতি কর্তৃপক্ষ মৌখিকভাবে জানান।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতিতে হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধ করে প্রয়োজনীয় সংখ্যক রেজিষ্টার সংরক্ষণ করার ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আইনের ধারা ২৪ এবং বিধি ৫৬ এর বিধান অনুসরণ করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হলো।

২৭। **শাখা অফিস পরিচালনা সংক্রান্ত ঃ** কর্ম এলাকার মধ্যে সমিতির আর কোন শাখা কার্যালয় চালু নেই

**মন্তব্য/পরামর্শ ঃ** উপ-আইনে বর্ণিত নিবন্ধিত কার্যালয় ব্যতীত কোন শাখা না করার জন্য বলা হলো।

২৮। **সমিতির সাইন বোর্ড, বিল বোর্ড এবং প্রচার পত্রে উহার নামের ব্যবহার ঃ** সমিতি পরিদর্শনকালে সমিতির নামীয় সাইন বোর্ড, বিল বোর্ড পাওয়া যায়নি।

**মন্তব্য/পরামর্শ ঃ** এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমিতির ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ প্রদান করা হল।

২৯। **হিসাব রক্ষণ পদ্ধতি ঃ** সমিতির কার্যক্রমের ব্যাপকতার সঙ্গে উহার হিসাব রক্ষণ পদ্ধতি সঙ্গতিপূর্ণ নয়।

**মন্তব্য/পরামর্শ ঃ** সমিতির হিসাব রক্ষণ পদ্ধতি উপযুক্ত/উপযুক্ত নয়।

৩০। সমিতিতে উপ-কমিটি প্রসঙ্গে ঃ উপ কমিটি নাই

৩১। সমিতির মামলা-মোকদ্দমা ঃ কোন মামলা নাই

৩২। সমিতির বর্তমান সদস্য ঃ ২৪০ ( ৩০ জুন ২০২২খ্রি. তারিখ পর্যন্ত)

৩৩। সমিতির ভবিষ্যত পরিকল্পনা ঃ সমিতির সদস্যদের আর্থ সামাজিক উন্নয়ন করা ।

৩৪। সমিতির সমাজ সেবা কার্যক্রম ঃ এলাকার দুস্থ্য অসহায় ব্যক্তিদের সাহায্য করা ।

৩৫। সমিতির উৎপাদিত পণ্য/সেবা ঃ নাই

৩৬। সমিতির হাল-নাগাদ জমা-খরচ হিসাব ঃ ২০২২-২০২৩ এর জমা খরচ হিসাব

সংযুক্ত ঃ পরিদর্শনের তারিখে সমিতির জমা-খরচ হিসাব ০১ (এক) পাতা।

**পরিদর্শনকারীর সমাপনী মতামত/সুপারিশ ঃ**

০১) সমিতির প্রথম নিয়োগকৃত কমিটির সভাপতি জনাব মোঃ আলমগীর মল্লিক এর নিকট ১৭৭১৭৪/- টাকা হস্ত মজুদ রয়েছে এবং অসদস্যদের নিকট ২৫১৯১০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে তাছাড়া ২০১৩-২০১৪ সনের সদস্যদের নিকট পাওনা ঋণের ৮,৪৩,০৫৬.০০টাকা আদায়ের ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহন করা হয় নাই। সমিতির যাবতীয় পাওনা টাকা আদায় পূর্বক সমিতির ব্যংক হিসাবে জমা প্রদানের জন্য ব্যবস্থাপনা পরিষদকে পরামর্শ প্রদান করা হলো।

০২) ১৩.০১.২০১৮ খ্রিঃ তারিখে গঠিত অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব মোঃ জাকির মোল্লা এর নিকট হতে সমিতির যাবতীয় রেকর্ডপত্র উদ্ধারের ব্যাপারে বর্তমান ব্যবস্থাপনা কমিটি কর্তৃক কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি। সমিতির যাবতীয় রেকর্ডপত্র উদ্দার করার জন্য ব্যবস্থাপনা পরিষদকে পরামর্শ প্রদান করা হলো।

০৩) সমিতির সকল সদস্যদের নিকট হতে বিধি মোতাবেক শেয়ার ও সঞ্চয় আমানত আদায় পূর্বক সংশ্লিষ্ট রেজিষ্টারে লিপিবদ্ধ করা এবং সমিতির মূলধন গঠনের মাধ্যমে বিভিন্ন লাভ জনক কাজে বিনিয়োগের মাধ্যমে সমিতিটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিনত করার জন্য পরামর্শ প্রদান করা হ'ল।

স্বাক্ষরিত/-
এফ.এম. জাফর সাদিক
উপজেলা সমবায় অফিসার (অঃ দাঃ)
বরগুনা সদর, বরগুনা

**স্মারক নং-৪৭.৬১.০৪২৮.০০০.১৬.২৫৫.১০.৪২** **তারিখ ঃ ০১.০৪.২০২৪ খ্রিঃ।**

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল ঃ

০১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল।

০২। জেলা সমবায় অফিসার, বরগুনা।

০৩। উপজেলা সমবায় অফিসার, বরগুনা সদর, বরগুনা। সমিতি কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

০৪। জনাব ............................................, সভাপতি, বরগুনা শহর কাঁচাবাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ। তাঁকে প্রতিবেদন প্রাপ্তির ১৫(পনের) কার্য দিবসের মধ্যে এ প্রতিবেদনে বর্ণিত ক্রটি-বিচ্যুতি ও অনিয়মসমূহ এর ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা সমবায় অফিসার (অঃ দাঃ)
বরগুনা সদর, বরগুনা